

ঢাবি ডিনস কমিটির সভা  
মেডিক্যালে ভর্তির  
ন্যূনতম পাস  
নম্বর ৪০ বহাল

স্টাফ রিপোর্টার ৷ সরকারী ও বেসরকারী মেডিক্যাল কলেজে ভর্তিতে লিখিত পরীক্ষার ন্যূনতম পাস নম্বর ৪০ বহাল রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। লিখিত ভর্তি পরীক্ষায় ৪০ নম্বরের কম প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কোন কলেজে এমবিবিএস বা বিডিএস কোর্সে ভর্তি করা হবে না। বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিনস কমিটির এক সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এর আগে গত ১৮ ফেব্রুয়ারি বিডিএস কোর্সে লিখিত (বহুনির্বাচনী) পরীক্ষার ন্যূনতম পাস নম্বর ৪০ থেকে কমিয়ে ৩০ নির্ধারণ করেছিল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। ডেন্টালে ভর্তি নিয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমন বিপরীতমুখী সিদ্ধান্ত গ্রহণে ইতোমধ্যে ভর্তি হওয়া প্রায় ৪০ থেকে ৫০ জন শিক্ষার্থী (৪০

মেডিক্যালে ভর্তির

(২০-এর পৃষ্ঠার পর)

বলে আশঙ্কা করা হচ্ছে। বুধবার বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত ডিনস কমিটির সভা অনুষ্ঠিত হয়। এতে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ২০১৪-১৫ শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে ১২০ নম্বরপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি করা যাবে এবং ওই শিক্ষার্থীদের লিখিত পরীক্ষায় ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারী ডেন্টাল কলেজের ক্ষেত্রেও ন্যূনতম পাস নম্বর ৪০ অপরিবর্তিত থাকবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে নয়টি সরকারী এবং ৩৯টি বেসরকারী মেডিক্যাল কলেজ এবং একটি সরকারী ও নয়টি বেসরকারী ডেন্টাল কলেজ রয়েছে।

এর আগে মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মতিউর রহমান স্বাক্ষরিত এক চিঠিতে বিডিএস কোর্সে ভর্তির পাস নম্বর ৩০ নির্ধারণ করা হয়। এর পর কয়েকটি ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৩০ ও অনূর্ধ্ব ৪০ পাওয়া ৫০ জনের বেশি শিক্ষার্থী ভর্তি করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পূর্ববর্তী পাস নম্বর বহাল রাখায় বিশ্ববিদ্যালয়টির অধিভুক্ত ডেন্টাল কলেজগুলোতে ভর্তি হওয়া ওই শিক্ষার্থীরা হয়রানিতে পড়বেন বলে আশঙ্কা তৈরি হয়েছে।